ভোরের কাগজ

7

তারিখ ... OCT 11 1999
পৃষ্ঠা ৭ ... কলাম ৬

# গণবিশ্ববিদ্যালয়



গণবিশ্ববিদ্যালয় ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে বিভিন্ন কোর্সে ছাত্রছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি দিয়েছে। দুটি অনুষদের বিভিন্ন বিষয়ে ১০০টি আসনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৯ নভেম্বর আর মৌখিক পরীক্ষা হবে ২০ নভেম্বর। ভর্তি ফরম নেওয়া এবং জমা দেওয়ার শেষ তারিখ আগামী ১০ নভেম্বর।

**কোর্সসমূহ**

**স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ :** এই অনুষদের সাবজেক্টগুলো হচ্ছে এমবিবিএস, বিডিএস, ফার্মেসি, মাইক্রোবায়োলজি ও বায়োটেকনোলজি, ফিজিওথেরাপি এবং মেডিকেল ফিজিক্স।

**মৌলবিজ্ঞান ও সমাজবিজ্ঞান অনুষদ**

এই অনুষদে পড়া যাবে ভাষা, যোগাযোগ ও সংস্কৃতি, পরিবেশ অধ্যয়ন এবং উন্নয়ন অধ্যয়ন।

**কোর্সগুলোর পাঠক্রম সময়সীমা ও আসন**

এমবিবিএস (৪ বছর ৬ মাস + ১ বছর ৬ মাস) আসন ২৫টি। বিডিএস (৪ বছর + ১ বছর) আসন ২০টি। ফার্মেসি (৪ বছর) আসন ১৫টি। মাইক্রোবায়োলজি ও বায়োটেকনোলজি (৪ বছর) আসন ১০টি। ফিজিওথেরাপি (৪ বছর) আসন ১০টি। পরিবেশ অধ্যয়ন (৪ বছর) আসন ১০টি। উন্নয়ন অধ্যয়ন (৪ বছর) আসন ১০টি।

**ভর্তির যোগ্যতা**

আবেদনকারী অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকতে হবে। এমবিবিএস, বিডিএস, ফার্মেসি কোর্সে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়ন বিষয়সহ বিজ্ঞান গ্রুপ থেকে পাস হতে হবে এবং মার্কস থাকতে হবে ১৩০০। উন্নয়ন অধ্যয়ন ও পরিবেশ অধায়ন বিভাগে ভর্তির জন্য মানবিক, সাধারণবিজ্ঞান বা বাণিজ্য শাখায় এইচএসসিতে দ্বিতীয় শ্রেণীতে পাসকৃত ছাত্রছাত্রী আবেদন করতে পারবে। তবে এইচএসসিতে অঙ্ক বা সাধারণবিজ্ঞান থাকলে এই দুই বিষয়ে পড়া সহজ হবে।

**আবেদনপত্রের সঙ্গে যা যা লাগবে**

ভর্তি ফরম ও প্রসপেকটাস ৫০০ টাকার বিনিময়ে পাওয়া যাবে গণবিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং গণস্বাস্থ্য নগর হাসপাতালে। ফরমের সঙ্গে ৩ মাসের মধ্যে তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের পাঠক্রমের সত্যায়িত মার্কশিট এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রশংসাপত্র দাখিল করতে হবে।

**লিখিত পরীক্ষার বিষয়**

লিখিত সংশ্লিষ্ট বিষয় যেমন- জীববিজ্ঞান, রসায়নবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, ভাষা জ্ঞান ছাড়াও সাধারণ জ্ঞান, বিশেষ করে ভাষা আন্দোলন, বিভিন্ন মুক্তি আন্দোলন ও মুক্তিযুদ্ধ এবং গণবিশ্ববিদ্যালয়ের প্রসপেকটাসের ওপর প্রশ্ন থাকবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণরা ভর্তির জন্য বিবেচিত হবে।

উল্লেখ্য, কোনো মাদকাসক্ত বা ধূমপায়ী ছাত্রছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন করতে পারবে না। এ ব্যাপারে কোনো তথ্য গোপন করা হলে ভর্তি বাতিল হবে।

আগামী ১২ ডিসেম্বর ভর্তিশেষে নতুন সেশনের ক্লাস শুরু হবে আগামী ১৬ জানুয়ারি ২০০০ সাল থেকে।

**যোগাযোগ**

গণবিশ্ববিদ্যালয় ক্যাম্পাস (জাতীয় স্মৃতিসৌধের পাশে)
পোস্ট : মির্জানগর ভায়া সাভার ক্যান্টনমেন্ট, ঢাকা ১৩৪৪। ফোন- ৯৩৩২৪৫ এক্স-১৬৫ বা গণস্বাস্থ্য নগর কেন্দ্র, বাড়ি নং-১৪ ই, রোড নং-৬ ধানমণ্ডি, ঢাকা ১২০৫। ফোন- ৫০০৭২০, ৮৬৭২০৮।

❑ ইমরুল ইউসুফ